

ঢাকা ওয়াসা

বিষয়ঃ সরাসরি নিয়োগযোগ্য ৮টি পদে মৌখিক পরীক্ষা গ্রহণ প্রসঙ্গে।

০৫। নির্দেশক্রমে নথি উপস্থাপন করা হলো।

০৬। ঢাকা ওয়াসার সরাসরি নিয়োগযোগ্য ১২টি পদে লিখিত পরীক্ষা গত ০৪/০৭/২০২৫ তারিখ বাংলাদেশ প্রকৌশল বিশ্ববিদ্যালয় (বুয়েট) কর্তৃক গ্রহণ করা হয়। তন্মধ্যে গত ২৫/১১/২০২৫ তারিখে অনুষ্ঠিত উচ্চতর সিলেকশন বোর্ড সভার আলোচ্যসূচী-৩ অনুযায়ী সরাসরি নিয়োগযোগ্য ৮টি পদ (গবেষণা সহকারী, রাজস্ব কর্মকর্তা, সহকারী সচিব, গবেষণা সহকারী, হিসাবরক্ষক, অডিটর, স্বাস্থ্য কর্মকর্তা, নার্স/মেডিকেল এটেনডেন্ট) এর ফলাফল প্রকাশ এবং মৌখিক পরীক্ষা আগামী ২১/১২/২০২৫, ২২/১২/২০২৫ এবং ২৩/১২/২০২৫ তারিখ ০২ (দুই) শিফটে অনুষ্ঠিত হওয়ার সিদ্ধান্ত গৃহীত হয়।

০৭। উচ্চতর সিলেকশন বোর্ড সভার সিদ্ধান্ত মোতাবেক মৌখিক পরীক্ষার সুষ্ঠুভাবে সম্পাদনের লক্ষ্যে ঢাকা বিশ্ববিদ্যালয়ের সমাজবিজ্ঞান বিভাগ হতে একজন ও হিসাব বিভাগ হতে একজন বিশেষজ্ঞ (Expert) এবং ঢাকা মেডিকেল কলেজ হতে একজন বিশেষজ্ঞ (Expert) মনোনয়ন দেয়া যেতে পারে। লিখিত পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীদের মৌখিক পরীক্ষা আগামী ২১/১২/২০২৫ হতে ২৩/১২/২০২৫ তারিখ পর্যন্ত মোট ০৩ (তিন) দিন দুই শিফটে (সকাল ১০:০০ টা হতে ও বেলা ২:০০ টা হতে) ওয়াসা ভবনস্থ ব্যবস্থাপনা পরিচালক এর সভা কক্ষে (৩য় তলা) অনুষ্ঠিত হবে।

০৮। মৌখিক পরীক্ষা সুষ্ঠুভাবে সম্পাদনের লক্ষ্যে নিম্নরূপ ব্যবস্থা গ্রহণ করা যেতে পারেঃ

(ক) সরাসরি নিয়োগযোগ্য পদে নিয়োগ পরীক্ষা উচ্চতর সিলেকশন বোর্ডের আওতাভুক্ত। সুতরাং উল্লেখিত পদে মৌখিক পরীক্ষার তারিখে উচ্চতর সিলেকশন বোর্ডের সম্মানিত আহ্বায়ক, সদস্যগণ এবং বিশেষজ্ঞ (Expert) গণকে উপস্থিত থাকার অনুরোধ জানিয়ে নোটিশ দেয়া যেতে পারে।

(খ) উল্লেখিত পদে মৌখিক পরীক্ষা সুষ্ঠুভাবে সম্পাদনের লক্ষ্যে বর্ণিত সিলেকশন বোর্ডের সদস্যগণ, সহায়ক কর্মকর্তা ও সহযোগী কর্মচারীগণের সম্মানী ভাতা প্রদান প্রয়োজন হবে। এছাড়া পরীক্ষার দিন আপ্যায়নের ব্যবস্থা গ্রহণের জন্য কমন সার্ভিস বিভাগ-কে দায়িত্ব দেয়া যেতে পারে।

(গ) গবেষণা সহকারী, রাজস্ব কর্মকর্তা, সহকারী সচিব, গবেষণা সহকারী, হিসাবরক্ষক, অডিটর, স্বাস্থ্য কর্মকর্তা, নার্স/মেডিকেল এটেনডেন্ট পদে অনুষ্ঠিতব্য মৌখিক পরীক্ষা গ্রহণের লক্ষ্যে উচ্চতর সিলেকশন বোর্ড-এর সদস্যদের সম্মানীসহ অন্যান্য ক্ষেত্রে বিভিন্ন ভাতা ও খরচের হার নিম্নরূপভাবে নির্ধারণ করা যেতে পারেঃ

✓ উচ্চতর সিলেকশন কমিটির আহ্বায়ক, সদস্য ও বিশেষজ্ঞ সদস্যগণের সম্মানী ভাতা বাবদ (৯ জন সদস্য X ৬০০০/- X ২ শিফট X ৩ দিন)	৩,২৪,০০০/-
✓ সহায়ক কর্মকর্তাদের সম্মানী ভাতা বাবদ ০৪ জন (২,৫০০+২,০০০+১,৫০০X২) = (৭,৫০০ X ২ শিফট X ৩ দিন)	৪৫,০০০/-
✓ সহায়ক কর্মচারীদের সম্মানী বাবদ (৬ জন X ১,০০০/- X ২ শিফট X ৩ দিন)	৩৬,০০০/-
✓ প্রার্থীদের আপ্যায়ণ বাবদ	৩,০০০/-
✓ স্টেশনারী ক্রয় বাবদ (২,০০০/- X ৩দিন)	৬,০০০/-
মোট=	৪,১৪,০০০/-

০৯। অনুচ্ছেদ-০৮ এর বর্ণনার আলোকে নিম্নোক্ত কার্যক্রম গ্রহণ করা যেতে পারেঃ-

- উচ্চতর সিলেকশন কমিটির সম্মানিত আহ্বায়ক ও সদস্যগণ এবং বিশেষজ্ঞ সদস্য-কে উপস্থিত থাকার অনুরোধ জানিয়ে নোটিশ দেয়া যেতে পারে।
- মৌখিক পরীক্ষার দিন সদস্যগণ, সহায়কগণের আপ্যায়ন সরবরাহের জন্য উপ সচিব, কমন সার্ভিস বিভাগ কে পত্র দেয়া যেতে পারে।
- উপ-সচিব প্রশাসন-১ এর অনুকূলে অস্থায়ী অগ্রিম হিসেবে সর্বমোট ৪,১৪,০০০/- (চার লক্ষ চৌদ্দ হাজার) টাকা প্রদানের জন্য হিসাব বিভাগে পত্র প্রেরণ করা যেতে পারে।

